01 SEP 2016

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষা নিয়ে গড়ব দেশ

বর্তমান সরকার প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত করেছে। সেক্ষেত্রে মাধ্যমিক স্তর হবে নবম থেকে দ্বাদশ। তবে অবকাঠামোগত এবং শিক্ষার মানের উন্নয়ন ঘটাতে হবে। প্রাথমিকে নজর দিতে হবে সবচেয়ে বেশি। একাডেমিক পড়াশোনার পাশাপাশি স্বাস্থ্য চিকিৎসা এবং সহপাঠ্যক্রমিক কার্যক্রমে জোর দিতে হবে। দেশের ইতিহাস, ঐতিহ্য সম্পর্কে সঠিক ধারণা দিতে হবে। দেশের সেবায় নিজেদের উপযুক্তভাবে গড়ে তুলতে হবে। মাধ্যমিকে যাওয়ার পর সাধারণ শিক্ষার সঙ্গে কর্মমুখী শিক্ষার সমন্বয় ঘটাতে হবে। শিক্ষার্থীরা তাদের পছন্দমতো কোনো না কোনো টেকনিক্যাল বিষয় বেছে নেবে। তথ্যপ্রযুক্তিতে বিশাল কর্মসংস্থানের সুযোগ রয়েছে। দেশের জনগোষ্ঠীকে দক্ষ করতে পারলে আমাদের বড় আয়ের পথ হতে পারে। আমাদের রয়েছে পোশাক খাত। যদিও এ খাতে বর্তমানে সংকট রয়েছে, তবে যথাযথ ব্যবস্থা নিতে পারলে আগের অবস্থানে ফিরে যাওয়া শুধু সময়ের ব্যাপার মাত্র। আমাদের কৃষিখাত, মৎস্যখাত, পশুপালন, নার্সারি, বনায়নসহ প্রতিটি ক্ষেত্রেই রয়েছে অপার সম্ভাবনা। জনশক্তি রপ্তানিতে আমরা সাফল্য দেখাতে পারি। ক্রীড়াক্ষেত্রে প্রচুর সম্ভাবনা রয়েছে। প্রতিটি খাতেই আমরা যদি কাঙ্ক্ষিত মান অর্জন করতে চাই তবে শিক্ষার উন্নয়ন ঘটাতে হবে। বিশ্ব কী চায় সে অনুযায়ী দক্ষ জনশক্তি তৈরি করতে হবে। শিক্ষাব্যবস্থায় তাই বৈপ্লবিক পরিবর্তন আনতে হবে। এটা সরকার একা করতে পারবে না। দেশের শিক্ষাবিদসহ সচেতন মহলকে এগিয়ে আসতে হবে। যুগোপযোগী শিক্ষাব্যবস্থার মাধ্যমে আমরা দেশকে গড়ে তুলব। শিক্ষা নিয়ে গড়ব দেশ— এই স্লোগান হোক আমার ,আপনার, সবার।

**ইউনুস আহমেদ**
ব্যাংক কলোনী,
সাভার, ঢাকা